

আইন -১

www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০২০.০০৪.০১.০০.৪১৪.২০-১০৮১

তারিখ: ১৭ ভাদ্র ১৪২৮

০১ সেপ্টেম্বর ২০২১


বিষয়: রিট পিটিশন নং- ৭৫৭৩/২০২০ এ সরকার পক্ষে পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ
সংক্রান্ত।

সূত্র: বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এর হাইকোর্ট বিভাগ-এর সহকারী রেজিস্ট্রার কার্যালয় থেকে ১৩/০৪/২০২১ তারিখে
প্রেরিত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার বকশীগঞ্জ উপজেলাধীন ৩ নং বাট্টাজোড় ইউনিয়নের সংরক্ষিত আসন সংখ্যা সাধারণ ওয়ার্ডসমূহের সীমানা পুনঃনির্ধারণ ও ভৌগোলিক অখন্ডতা ও জনসংখ্যার বিন্যাস এবং প্রশাসনিক সুবিধাদির প্রতি লক্ষ্য রাখিয়া প্রকাশিত চূড়ান্ত তালিকা সংশোধন, পরিবর্তন বা রদবদল করণ এবং ১৭/০২/২০২০ তারিখের বিজ্ঞপ্তি মতে ১৮/০৬/২০২০ ইং তারিখে ওয়ার্ডসমূহ গেজেট আকারে প্রকাশ করা হয়, যাহার স্বারক নং-১৭৯, জেলা প্রশাসকের কার্যালয়ের (স্থানীয় সরকার শাখা) স্বারক নং-৫৬(১০) তারিখ: ১৯/০১/২০১৯ এর কার্যক্রম মোতাবেক ১৮/০৬/২০২০ তারিখের প্রকাশিত গেজেট এর কার্যক্রম স্থগিত করনের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ০৪ (চার) জনকে প্রতিপক্ষ করে এই রিটটি দায়ের করা হয়। মাননীয় হাইকোর্ট বিভাগ, তর্কিত বিষয়ে ০৬ (ছয়) মাসের স্থগিতাদেশ দিয়েছেন। রিটের ৪ নং প্রতিপক্ষ জেলা প্রশাসক, জামালপুর।

২। এমতাবস্থায়, বিবেচ্য মোকদ্দমায় জবাব দাখিলের জন্য প্রয়োজনে সময়ের আবেদন দাখিলসহ তর্কিত বিষয়ে সরকার পক্ষে মামলা পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের সিনিয়র সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা নির্দেশক্রমে এ সঞ্চে প্রেরণ করা হলো।

সংযুক্তি:.....(পাতা)।



১-৯-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম
সহকারি সচিব

সলিসিটর (যুগ্ম সচিব)

সলিসিটর অনুবিভাগ

আইন ও বিচার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০২০.০০৪.০১.০০.৪১৪.২০-১০৮১/১(৬)

তারিখ: ১৭ ভাদ্র ১৪২৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অ্যাটর্নি জেনারেল, অ্যাটর্নি জেনারেল এর কার্যালয়, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, শাহাবাগ, ঢাকা-১০০০।
- ২) সচিব, সিনিয়র সচিব/সচিবের দপ্তর, বাংলাদেশ নির্বাচন কমিশন
- ৩) যুগ্মসচিব, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর
- ৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৬) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ



১-৯-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব